তারিখ ২৫ JUL 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

সংবাদ

### বইপড়া কার্যক্রম উদ্বোধন

# জ্ঞানার্জনের জন্য সব ধরনের শিক্ষা প্রয়োজন : হাসান আজিজুল হক

প্রতিনিধি, রাজশাহী

'যেটি করার জন্য বইয়ে নির্দিষ্ট করে বলা আছে তা-ই অপাঠ্য। ক্লাসে যা পড়ানো হয় তা অপাঠ্য এবং ক্লাসের বাইরে যা কিছু আছে তা পাঠ্য। অপাঠ্য কোন কিছুই না, সবই পাঠ্য। জ্ঞানার্জনের জন্য সকল ধরনের শিক্ষার প্রয়োজন আছে।' গতকাল রাজশাহীর শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস উচ্চ বিদ্যালয় ও কলেজের হলরুমে বিশ্বসাহিত্য কেন্দ্রের বইপড়া কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে কথাসাহিত্যিক হাসান আজিজুল হক এসব কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বই পড়লে মানুষ জগৎ সম্পর্কে জানতে পারে। তবে বইয়ের জগৎ এবং বাস্তাবিক জগৎ মেলাতে হবে। যে লেখক সেটা করেন না, সে লেখকের বই পরিত্যাজ্য। কেন লিখবে যদি তাতে জীবনের কথা না থাকে, বর্তমানে কথা না থাকে, যদি জীবনের গভীর রহস্যের কথা ইঙ্গিত করা না থাকে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা কীভাবে সময় কাটাও আমার জানতে খুব ইচ্ছে করে। এখন কোন কথা যদি ভালো লাগে তাহলে হাত তালি দেয়াও সম্ভব হবে না। কোন কথায় তোমাদের কাছে হাততালি পাব সেটা সম্ভব না।

তিনি আরও বলেন, মানুষ আজ এক ভার্চুয়াল জগতে চলে এসেছে। যা আছে, আবার নাইও। তৈরি করা তেঁতুল আর খাঁটি তেঁতুলের টক যেমন এক রকম হয় না তেমনি মানুষ এবং মানুষের মতো এক নয়। তোমাদের মানুষের মতো না হয়ে মানুষ হতে হবে।

হাসান আজিজুল হক আরও বলেন, মানুষ সামান্য প্রাণী নয়, এটা বিশ্বাস করতে হবে। ঈশ্বর তার নিজের প্রতিবিম্বের মতো মানুষকে তৈরি করেছেন এটা ধর্ম শাস্ত্রেও লিখা আছে। পৃথিবীতে মানুষ প্রত্যেকে একা এবং স্বতন্ত্র। আমরাও তেমনি সবাই মানুষ। আলাদা কিছুই নই। সেজন্য মানুষের এই মানবতা, মানবাত্মগুলোই মানুষ প্রকাশ করে। মানুষ যখন বলে দে আমার টাকা, তখন তার মধ্যে যে লোভ এবং লালসা আছে সেইটা প্রকাশ করে। টাকা দে, চাঁদা দে, মেরে ফেলব, বাড়ি থেকে বেরোস না, এটা কে বলে? যে বলে সে মনুষ্য নয়। অন্য কোন জীব। আমি মূল্যায়ন করতে পারব না। তবে সে অন্য কিছু হলেও মনুষ্য না। মনুষ্য হলে কখনো এই কথা বলে না। মানুষ যদি মানুষের কাছ থেকে দূরে সরে যায় তবে সে মানুষ হওয়া থেকে দূরে যায়।